গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

হাড়ি ভাঙ্গা, দড়িটানা, লাঠি খেলা, গান, কবিতা, নৃত্য, দৌড়, সাইকেল রেচ এমন অনেক বর্ণাঢ্য বিভিন্ন আয়েজনের মধ্য দিয়ে নবীণ, প্রবীণদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে ব্যাতিক্রমী এক অনুষ্ঠান।

গতকাল শনিবার দিনব্যাপী গাংনী উপজেলার পীরতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এমন এক ব্যাতিক্রমি আয়েজন করে। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায়, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির (পিএসকেএস) এর বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির আওতায় পালিত হয় উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলা বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক সম্মাননা প্রদান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান-২০২৫।

আনন্দঘন, উৎসব মুখর পরিবেশে- বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ক্রীড়ার মধ্যে ছিল প্রথম ও দ্বিতীয় শ্রেণীর শিক্ষার্থীদের দৌড়, কিশোরীদের সাইকেল র্যালী, দৌড়। যুবদের ম্যারাথন দৌড়, ১০০ মিটার দৌড়, প্রবীণদের ঝুড়িতে বল নিক্ষেপ, সুরের তালে বালিশ বদল। সাংস্কৃতিক অনুষ্ঠানে ছিল ছড়া, গান, কবিতা ইত্যাদি।

এছাড়া প্রবীণ সম্মাননা, সন্তান সম্মাননা, যুব সম্মাননা, কৈশোর-মেন্টর সম্মাননা, সামাজিক ক্ষেত্রে অবদান এর জন্য সম্মাননা, ক্রীড়া সম্মাননা, সাংবাদিক সম্মাননা, উপজেলায় আয়োজিত ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার বিজয়ীদের পুরষ্কার প্রদান সহ ছিল বিভিন্ন বিষয়ক স্টল প্রদর্শনী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোঃ আনজুমান ইসলাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন। আরো উপস্থিত ছিলেন, পিএসকেএস এর উপ-পরিচালক মোঃ কামরুল আলম, উপজেলা কর্মসূচী সমন্বয়কারী মোঃ জামিদুল ইসলাম, সহকারী উপজেলা কর্মসূচী সমন্বয়কারী মোঃ রাকিবুল ইসলাম, সাংবাদিক আকতারুজ্জামান ও জুলফিকার আলী কানন।

অনুষ্ঠান দেখতে এলাকার শতশত নারী পুরুষ অংশ গ্রহণ করেন। প্রধান অতিথি বিজয়ীদের হাতে পুরুস্কার তুলে দেন।

মুজিবনগরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের শুভ উদ্বোধন

মেহেরপুরের মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকালে মুজিবনগর ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ইসমাইল হোসেন প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে এই প্রযোগিতার উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, একাডেমিক কাউন্সিলের সদস্য সচিব রেজাউল হক, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার প্রধান উপদেষ্টা মফিজুল ইসলাম, কলেজের শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক ও হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষক হেলাল উদ্দিন সহ কলেজের কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীবৃন্দ।

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্লাবের আয়োজনে সাংস্কৃতিক

অনুষ্ঠান

মেহেরপুরে জাগো বাঙ্গালী ক্লাবের আয়োজনে পবিত্র ঈদুল-আযহা উপলক্ষে ক্রীড়া প্রতিযোগিতা, পুরষ্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

গতকাল বুধবার (১৯ জুন) রাত সাড়ে ৯ টার দিকে শহরের ছহিউদ্দীন ডিগ্রি কলেজ মাঠ প্রাঙ্গনে এ পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জাগো বাঙ্গালী ক্লাবের সাধারণ সম্পাদক মোঃ রাকিব ও অন্যান্য সদস্যবৃন্দের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন জাগো বাঙ্গালী ক্লাবের সভাপতি তূর্য বিশ্বাস।

এছাড়াও এসময় জাগো বাঙ্গালী ক্লাবের সহ সভাপতি আব্দুস সালাম (কুমার), যুগ্ম সম্পাদক মোঃ আশরাফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মোঃ সুরুজ্জামান, দপ্তর সম্পাদক আহসান হাবীব মিলন, ক্রিয়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আহসান হাবীব আশিক সহ ক্লাবের অন্যান্য সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন জেলা থেকে আগত শিল্পীবৃন্দ সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে দর্শকদের মন জয় করে।

মুজিবনগরের মোনাখালীতে মিডা কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

মুজিবনগরের মোনাখালীতে মেধার ভিত্তিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুযোগ লাভ করা, এসএসসি ও এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা



হয়েছে।

মোনাখালী এডুকেশনাল ডেভেলপমেন্ট এ্যাসোসিয়েশন (মিডা) আয়োজিত এবং মিডা পাবলিক লাইব্রেরীর সার্বিক সহযোগিতায় আজ মঙ্গলবার (১৮ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে মোনাখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে গুণীদের সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সহ-সভাপতি মো: সালাউদ্দীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষা অফিসার মেহেরপুর সদর মোঃ আসফুদ্দৌলা শামীম, মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ তকলিমা খাতুন ও মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মফিজুর রহমান ।



এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে মোনাখালী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহ-প্রতিষ্ঠাতা মাহবুবুর রহমান ডাবলু, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আনারুল ইসলাম, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মোঃ সাদেক আলী, মুজিবনগর মহিলা

বিষয়ক অফিসার মোঃ সেলিম রেজা মিঠু, রাজাপুর সরকার প্রাথমিক বিদ্যালয়ের (অবসরপ্রাপ্ত) প্রধান শিক্ষক মোঃ ফিরাতুল ইসলাম, পুরন্দরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিনা খাতুন, মিডা এর সাধারণ পরিষদের সদস্য শাহিনুর রহমান মানিকসহ বিভিন্ন স্কুলের শিক্ষার্থী ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

পরে মোনাখালী গ্রামের বিভিন্ন প্রতিষ্ঠানে অধ্যায়নরত ও উত্তীর্ণ শিক্ষার্থীদের ৫ টি ক্যাটাগরিতে ও বিশেষ সম্মাননাতে যা এ ক্যাটাগরিতে হিফজ সস্পন্নকারী ২ জন, বি ক্যাটাগরিতে এসএসসি জিপিএ-৫ প্রাপ্ত ১৭ জন, সি ক্যাটাগরিতে এইচএসসি জিপিএ-৫ প্রাপ্ত ৩ জন, ডি ক্যাটাগরিতে পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স পাওয়া ৫ জন, ই ক্যাটাগরিতে মিডা সেরা সংগঠক ১ জন, এফ ক্যাটাগরিতে বিশেষ সম্মাননা ২ জন ও জি ক্যাটাগরিতে বীর মুক্তিযোদ্ধা ৫ জনকে সম্মাননা প্রদান করা হয়।

ঝিনাইদহে কৈশোর মেলা সাংস্কৃতিক অনুষ্ঠান

“কৈশোর কর্মসূচি, মেধা ও মননে সুন্দর আগামী” এ শ্লোগানে ঝিনাইদহে উপজেলা পর্যায়ে কৈশোর মেলা মেরাথন দৌড় সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার দুপুরে শহরের পবহাটী বলফিল্ডে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় সৃজনী ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সোহেলী পারভীনের সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান ও বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি ঝিনাইদহ শাখার চেয়ারম্যান এম. হারুন অর রশীদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সৃজনী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ

(ভারপ্রাপ্ত) অধ্যাপক মোঃ সারাফত হোসেন, সৃজনী ফাউন্ডেশনের ব্যবস্থাপক (অর্থ) অর্জুন কুমার মজুমদার, কৈশোর কর্মসূচির ফোকাল পার্সন এস এম শান্তনুর রহমান। সেসময় সদর উপজেলার ১৭ টি ইউনিয়নের কৈশোর কর্মসূচি ক্লাবের সভাপতি, সাধারণ সম্পাদক, সদস্যবৃন্দসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

জীবননগরে মহান স্বাধীনতা দিবস পালিত

জীবননগরে বিভিন্ন অনুষ্ঠান উদ্দিপনার মধ্যে দিয়ে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। মঙ্গলবার সকালে ৩১বার তোপধ্বনির মধ্যে দিয়ে শুরু হয় ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসের শুভ সূচনা ।

পরে সকাল ৮টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে জীবননগর থানা পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান।বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম,সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোর্তুজা,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোশারফ হোসেন,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি)এস,এম জাবিদ হাসান প্রমুখ

[redacted]

“[redacted]” [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) সকালে রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুল চত্বরে এসকল অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলে পরিচালক মোঃ রাশেদ খাঁনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.মহা: আব্দুস সালাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মোঃ মাহফুজুর রহমান রিটন। এছাড়াও স্কুলের শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

এসময় স্কুলের নতুন শিক্ষার্থীদের মিষ্টি খাইয়ে বরণ করে নেওয়া হয়। পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (১৬ ডিসেম্বর) সন্ধ্যা ৭ টার সময় জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সাংস্কৃতিক অনুষ্ঠানে আয়োজন করা হয়।

জেলা প্রশাসক মোঃ শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন। এসময় স্থানীয় সরকার বিভাগের উপ পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর আহমেদ রুমন,লিউজা-উল জান্নাহ,টিটিসি’র অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার,জেলা শিল্পকলা একাডেমী সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমী শিল্পীবৃন্দ সঙ্গীত,নৃত্য ও আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।